

মিসরে ইউসুফের সময়কাল

মুহাম্মাদ ইবনু ইসহাক (৮০-১৫০ হিঃ) বলেন, ঐ সময় মিসরের সম্রাট ছিলেন 'আমালেফা' জাতির জনৈক রাইয়ান ইবনে ওয়ালীদ। তিনি পরবর্তীকালে ইউসুফের কাছে মুসলমান হন এবং ইউসুফকে মিসরের সর্বময় ক্ষমতায় বসিয়ে বলেন, لستُ أعظمُ منك إلا بالكرسى 'আমি আপনার চাইতে বড় নই, সিংহাসন ব্যতীত'। এ সময় ইউসুফের বয়স ছিল মাত্র ৩০ বছর।[10] পক্ষান্তরে তারীখুল আশ্বিয়ার লেখক বলেন, ইউসুফ (আঃ)-এর কাহিনীতে মিসরে যুগ যুগ ধরে রাজত্বকারী ফেরাউন রাজাদের কোন উল্লেখ না থাকায় অনেকে প্রমাণ করেন যে, ঐ সময় 'হাকসূস' রাজারা ملوك (ফেরাউনদের হটিয়ে মিসর দখল করেন এবং দু'শো বছর যাবত তারা সেখানে

রাজত্ব করেন। যা ছিল ঈসা (আঃ)-এর আবির্ভাবের প্রায় দু'হাজার বছর পূর্বের ঘটনা'।[11]

উল্লেখ্য যে, ইউসুফ (আঃ)-এর সময়কাল ছিল ঈসা (আঃ)-এর অনূ্যন আঠারশ' বছর পূর্বেকার। তবে সুলায়মান মানছুরপুরী বলেন, আনুমানিক ১৬৮৬ বছর পূর্বের। হ'তে পারে কেউ ইউসুফের সময়কালের শুরু থেকে এবং কেউ তাঁর মৃত্যু থেকে হিসাব করেছেন। তবে তাঁর সময় থেকেই বনু ইস্রাঈলগণ মিসরে বসবাস শুরু করে।

[10]. ইবনু কাছীর, আল-বিদায়াহ ওয়ান-নিহায়াহ ১/১৯৬-১৯৭ পৃঃ।

[11]. তারীখুল আশ্বিয়া পৃঃ ১/১২৪ পৃঃ।